

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১৯. সংকটকালীন দো'আ

- (ক) يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ (ইয়া হাইয়ু ইয়া কাইয়ুমু বিরাহমাতিকা আস্তাগীছ' (হে চিরঞ্জীব! হে বিশ্বচরাচরের ধারক! আমি আপনার রহমতের আশ্রয় প্রার্থনা করছি)। আনাস বিন মালেক (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন কোন দুঃখ বা সংকটের সম্মুখীন হতেন, তখন এই দো'আটি পড়তেন। [123]
- (খ) ভূমিকম্প বা যে কোন আকস্মিক বিপদে বলবে, أَالُهُ إِلاَّ اللهُ ये हा ইলাহা ইল্লাল্লা-হ' (নেই কোন উপাস্য আল্লাহ ব্যতীত)।[124] অথবা এর সাথে উপরের দো'আটি পড়বে। অথবা বলবে,আল্লা-হুস্মা হাওয়া-লায়না অলা 'আলায়না (হে আল্লাহ! আমাদের থেকে ফিরিয়ে নাও। আমাদের উপর দিয়ো না)। [125]
- (গ) اللَّهُمَّ إِنِّى أَعُوْذُبِكَ مِنْ جَهْدِ الْبَلاَءِ وَدَرَكِ الشَّقَاءِ وَسُوْءِ الْقَضَاءِ وَشَمَاتَةِ الْأَعْدَاءِ (গ) اللَّهُمَّ إِنِّى أَعُوْذُبِكَ مِنْ جَهْدِ الْبَلاَءِ وَدَرَكِ الشَّقَاءِ وَسُوْءِ الْقَضَاءِ وَشَمَاتَةِ الْأَعْدَاءِ (মন জাহদিল বালা-ই, ওয়া দারাকিশ শাকা-ই, ওয়া সূ'ইল কাযা-ই ওয়া শামা-তাতিল আ'দা-ই' (হে আল্লাহ! আমি আপনার আশ্রয় প্রার্থনা করছি অক্ষমকারী বিপদের কষ্ট হ'তে, দুর্ভোগের আক্রমণ হ'তে, মন্দ ফায়ছালা হ'তে এবং শক্রর খুশী হওয়া থেকে)। [126]
- (घ) اَللَّهُمَّ إِنِيْ أَعُوْذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ، وَتَحَوُّلِ عَافِيتِكَ، وَفُجَاءَةِ نِقْمَتِكَ، وَجَمِيْعِ سَخَطِكَ আগেউযুবিকা মিন যাওয়া-লি নি'মাতিকা ওয়া তাহাউউলি 'আ-ফিয়াতিকা ওয়া ফুজা-আতি নিক্নমাতিকা ওয়া জামী'ই সাখাত্বিকা' (হে আল্লাহ! আমি আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি আমার থেকে আপনার নে'মত চলে যাওয়া হ'তে, আপনার দেওয়া সুস্থতার পরিবর্তন হ'তে, আপনার শাস্তির আকস্মিক আক্রমণ হ'তে এবং আপনার যাবতীয় অসম্ভেষ্টি হ'তে)।[127]
- (৬) اللهُ رَبِّي لاَ أُشْرِكُ بِهِ شَيْئًا আল্লাহ আল্লাহ রব্বী লা উশরিকু বিহী শাইয়ান (আল্লাহ আল্লাহ আমার প্রতিপালক! আমি তার সাথে কোন কিছুকে শরীক করি না)'।[128]

ফুটনোট

- [123] . তিরমিযী, মিশকাত হা/২৪৫৪, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৭; ছহীহুল জামে' হা/৪৭৭৭।
- [124] . তিরমিযী, মিশকাত হা/২৪৫৪, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৭; ছহীহুল জামে' হা/৪৭৭৭; বায়হাকী হা/৩৫৯৮।
- [125] . বুখারী হা/৯৩৩, ১০২১; আবুদাউদ হা/১১৭৪; মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/৫৯০২, অধ্যায়-২৯, অনুচ্ছেদ-৭ ।



- [126] . মুত্তাফার 'আলাইহ, মিশকাত হা/২৪৫৭, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'আল্লাহের নিকট আশ্রয় প্রার্থনা' অনুচ্ছেদ-৮।
- [127] . মুসলিম, মিশকাত হা/২৪৬১।
- [128] . আবুদাঊদ হা/১৫২৫ 'ছালাত' অধ্যায়-২, 'ইস্তিগফার' অনুচ্ছেদ-৩৬**১**।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9278

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন